



প্রয়াত উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক স্মরণে বিশেষ স্মরণিকার মোড়ক উন্মোচন



সম্প্রতি (১১ নভেম্বর ২০২৩) জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক মৃত্যুবরণ করেন। জগন্নাথ বিশ্ববিদ্যালয় পরিবার তাঁর মৃত্যুতে গভীরভাবে শোকাহত।

প্রয়াত উপাচার্য স্মরণে ২৬ নভেম্বর ২০২৩-রবিবার বিশেষ স্মরণিকা এর মোড়ক উন্মোচন করেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ।

এসময় স্মরণিকা প্রকাশের লক্ষে গঠিত কমিটির আহবায়ক ও বাংলা বিভাগের অধ্যাপক ড. মিল্টন বিশ্বাস, সদস্য ও গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোঃ আশরাফুল আলম, শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ আইনুল ইসলাম এবং সাধারণ সম্পাদক অধ্যাপক ড. এ কে এম লুৎফর রহমান সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।